

স্মারক নম্বর: ১৩.০২.৪২০০.০০১.২৩.০০২.২২-২০

তারিখ: ২২ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
৫ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

নোটিশ


বিষয়: “জাতীয় নিরাপদ খাদ্য দিবস-২০২৫” উদযাপন উপলক্ষে নিরাপদ খাদ্য বিষয়ক সেমিনার এবং খাদ্য ও পুষ্টি বিষয়ক অলিম্পিয়াড আয়োজন প্রসঙ্গে।

সূত্র: ১৩.০২.০০০০.২২১.৩৭.০০১.২৩.১১; তারিখ: ১৬ জানুয়ারি, ২০২৫, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, প্রধান কার্যালয়, ঢাকা।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, জেলা কার্যালয়, ঝালকাঠি কর্তৃক আগামী ০৬ ফেব্রুয়ারি, ২০২৫ তারিখ রোজঃ বৃহস্পতিবার বেলা ১২.০০ ঘটিকায় জেলা প্রশাসক, ঝালকাঠি মহোদয়ের সম্মেলন কক্ষে “জাতীয় নিরাপদ খাদ্য দিবস-২০২৫” উদযাপন উপলক্ষে নিরাপদ খাদ্য বিষয়ক সেমিনার এবং খাদ্য ও পুষ্টি অলিম্পিয়াড আয়োজন করা হয়েছে। এবারের “জাতীয় নিরাপদ খাদ্য দিবস-২০২৫” এর প্রতিপাদ্য বিষয় “খাদ্য হোক নিরাপদ, সুস্থ থাকুক জনগণ”।

উক্ত আয়োজনে প্রধান অতিথি হিসেবে জনাব মোঃ রায়হান কাওছার, বিভাগীয় কমিশনার, বরিশাল মহোদয় উপস্থিত থাকার সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন জনাব আশরাফুর রহমান, জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, ঝালকাঠি এমতাবস্থায় উক্ত সেমিনারে নির্ধারিত তারিখ ও সময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(ফয়েজ জালাল উদ্দিন)

নিরাপদ খাদ্য অফিসার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ,
জেলা কার্যালয়, ঝালকাঠি
মোবাইলঃ ০১৫২১৪০০৮৯৬

ইমেইলঃ fso.jhalakathi@bfsa.gov.bd

স্মারক নম্বর: ১৩.০২.৫২০০.০০১.২৩.০০২.২২-২০

তারিখ: ২২ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
৫ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ২। জেলা প্রশাসক, ঝালকাঠি।
- ৩। পুলিশ সুপার, ঝালকাঠি।
- ৪। সিভিল সার্জন, ঝালকাঠি, জেলা স্যানিটারি ইন্সপেক্টর ও দায়িত্বপ্রাপ্ত নিরাপদ খাদ্য পরিদর্শকগণের অংশগ্রহণের অনুমতি প্রদানের অনুরোধসহ।
- ৫। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), ঝালকাঠি।
- ৬। জেলা তথ্য অফিসার, ঝালকাঠি।
- ৭। বিভাগীয় কমিশনার মহোদয়ের একান্ত সচিব, বরিশাল বিভাগ। (বিভাগীয় কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৬। ব্যক্তিগত সহকারী, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। অফিস কপি।